গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৬৮

# আরএমপিতে মোবাইল ফাইন্যান্সিং শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী; ৩০ ভাদ্র (১৪ সেপ্টেম্বর):

আজ রবিবার (১৪ সেপ্টেম্বর) সকাল ১০টায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সদর দপ্তরের সভাকক্ষে "Prospects and Contemporary Challenges of Mobile Financing Service in Bangladesh" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি) ও রাজশাহী রেঞ্জ ডিআইজি অফিসের সহযোগিতায় এবং মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান নগদের আয়োজনে এ কর্মশালায় আরএমপি ও রাজশাহী জেলার বিভিন্ন ইউনিটে কর্মরত মোট ৫০ জন পুলিশ সদস্য অংশগ্রহণ করেন।

অবসরপ্রাপ্ত অতিরিক্ত আইজিপি ও নগদ লিমিটেডের চিফ স্ট্র্যাটেজিক রিলেশনস অ্যান্ড এলইএ অপারেশন অফিসার এম মাহাবুব আলমের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান।

প্রধান অতিথির বক্তৃতায় ডিআইজি বলেন, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ব্যবহারের সাথে সাথে প্রতারণার ঘটনাও বৃদ্ধি পেয়েছে। মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান ও পুলিশ একসাথে কাজ করলেই এ ধরনের প্রতারকচক্রকে আইনের আওতায় আনা সম্ভব। এই কর্মশালার মাধ্যমে তদন্ত কর্মকর্তারা আরও দক্ষ হয়ে উঠবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জিয়াউল হক এবং ঢাকা স্টাফ কলেজের পরিচালক পুলিশ সুপার মো: মাহবুবুল আলম এবং নগদ লিমিটেডের কর্মকর্তাগণ। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ খোরশেদ আলম, পুলিশ সুপার ফারজানা ইসলামসহ আরএমপির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

...........................................................................

রুহুল/তৌহিদ/স্মিতা/আলীম/ ২০২৫/১৭:২০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd